



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-১৭০ (ক-৩)/২০০৬/৬২৪ ১/৭

তারিখ: ২৮/১২/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো পত্র।

- সূত্র: ১. তদন্ত প্রতিবেদনের স্মারক নং-কসমক. ০২.২০২৩-৮০৭০; তারিখ: ২৪/০৮/২০২৩খ্রি.
২. মাউশির স্মারক নং-৭জি/১৭০/(ক-৩)/২০০৬/৩৭৯৮/৭; তারিখ: ১৯/০৭/২০২৩খ্রি.
৩. অভিযোগকারীর ১৬.০২.২০২৩খ্রি, তারিখের আবেদন;
৪. কারণ দর্শানোর জবাবের স্মারক নং-বক-২৮/২০২৩; তারিখ: ২৫/০৯/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন বদরখালী ডিগ্রি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে নিয়োগ প্রক্রিয়া বিধিবিহীনভূত, জাল-জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত ও বিভিন্ন মামলার আসামী অধ্যক্ষ মোহাম্মদ মুজিবুর রহমান-কে স্বপদ থেকে দ্রুত প্রত্যাহারপূর্বক তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে নিম্ন বর্ণিত বিষয় পরিলক্ষিত হয়:

১. তদন্ত কর্মকর্তার মন্তব্য অনুযায়ী জনাব মোহাম্মদ মুজিবুর রহমান-এর ডিগ্রি পর্যায়ে কলেজে প্রয়োজনীয় চাকুরীর অভিজ্ঞতা না থাকার বিষয়টি প্রমাণিত;
২. তদন্ত কর্মকর্তার মন্তব্য এবং আইন শাখার মতামতের আলোকে এমপিওভুক্তির আবেদনে মামলা সংক্রান্ত তথ্য গোপন করার বিষয়টি প্রমাণিত;

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মন্তব্য এবং আইন শাখার মতামত অনুযায়ী উপর্যুক্ত অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন জনাব মোহাম্মদ মুজিবুর রহমান, অধ্যক্ষ-এর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা মর্মে তাকে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য এবং একই বিষয়ে একই সময়ের মধ্যে মতামত প্রদানের জন্য সভাপতি, পরিচালনা পরিষদ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

বিতরণ:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ
বদরখালী ডিগ্রি কলেজ, চকরিয়া, কক্সবাজার।
- ২। জনাব মোহাম্মদ মুজিবুর রহমান, অধ্যক্ষ
বদরখালী ডিগ্রি কলেজ, চকরিয়া, কক্সবাজার।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
- ২। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
- ৫। সংরক্ষণ নথি।